# VIEWPOINT

## AN IN-HOUSE MAGAZINE OF


# Dr. B.C.ROY COLLEGE OF PHARMACY AND AHS

**Meghnad Saha Sarani, Bidhannagar, Durgapur - 713206**

## Hello Readers,

It's another issue, another journey of 'Viewpoint'. The last few months were full of activities for us. The college has added a laurel in its badge by arranging a mammoth task in the form of an International Conference in February 4 and 5, 2019. Many distinguished professors, scholars and students from almost entire India participated in the conference. Prof. Tin Wui Wong, Professor of University of Malaysia was present as key-note speaker. The students and staff members of Dr. B. C. Roy College and Allied Health Sciences were gifted their much coveted desire, an ATM counter adjacent to the campus-wall. Moreover, the members of BCRCP are [illegible] to have a doctor in the medical-unit (which is in association with The Mission Hospital) throughout [illegible]ege-hours for any kind of medical emergency. Along with the academic excellence, the students' [illegible] was observed in several social issues. The students, along with the faculty members, celebrated [illegible]ational Language Day on 21st February to [illegible] the sacrifices of the martyrs of Bangladesh for [illegible] of their mother tongue, Bengali. They [illegible] protest in form of a silent candle march against the [illegible] terrorist attack on our brave soldiers at [illegible] of Kashmir. We feel proud of these sensitive and meritorious students who take the name of the [illegible] to the zenith. This magazine is the collage of the unexplored scribbles of these beautiful minds. Hope you will all like this hearty endeavour of presenting this colourful pot-pouri of poems, essays, short stories and travelogue. Wish everyone a happy reading!!!

Dr Taniya Chakraborty
Editor








# SUCCESS IN GPAT 2019



Surajit Kumar Saha (AIR 116)



Sheoshree Bhattacharjee (AIR 248)



Tania Chowdhury (AIR 336)



Anupama Singh (AIR 659)



Deborup Bhowmick (AIR 884)



Akash Dey (AIR 913)



Sujay Guti (AIR 1033)



Aparajita Ghosh (AIR 1293)



Shivam Kumar (AIR 3116)



Rumpa Basak



Saikat Mondal



Subir Chatterjee (AIR 32)



Rupam Khatua (AIR 1815)

**GATE 2019**

## A Message to the people of India

Here's a message to the civilians who Indian Army to fight. Indian Army is one of the strongest army in the world.They know their work very well .when anything will happen it's either their fault they didn't take initiative .They are human beings. They also have feelings and also they know how to cooperate .Actually they know better than us what to do and what not to.If you feel sad, thinking about the victims of the incident.Then please think that the indian army lost their soldiers. Please stand for them. If any country or other terrorist power wants to destroy our India then we must stand like an Indian soldier .How's the Josh? Jai Hind

**Debarati Chatterjee**
**M.Pharm in Pharmacology**
**2nd year, 4th sem**
**(2017-2019)**

## BLESSING IN DISGUISE

"Naina, bring two milk packets from the shop", shouted her mother.Naina, dressed in a welldraped Golden sareemade of fine silk hurried buy milk.The reason for her excitement was due to auspicious Mahashivratri for which she will be fasting and offering sweets and milk in the temple.Naina was told by her mother that she would get a good husband if she devotedly praise Lord Shiva.

Tarakeshwar temple was heavily crowded. Supposedly all unmarried girls are in a rush to get suitable life partners for themselves. There was lot of chaos inside the temple. So Naina preferred to stand aside, and enter after the crowd settles down.

Naina was by the time busy gasping the crowd when she caught sight of the temple priest who was dumping all the offerings like sweets, milk packets into the dustbin.He was collecting a handful of coins was as offerings to Lord Shiva. Naina got astonished andstarted to move when she caught sight of an old woman. This lady was in adilapidated condition with torn clothes, messy hair,swollen feet and bruisedcheek beggedNaina for a rupee saying "Heavy mercy, I have not eaten since days."Naina thought the fate of all the offering and prayer is.Inclination towards virtual world creates a void with the realistic world .without thinking twiceshe offered sweets and milk to the old lady. Her face gleamed with joy and blessed Naina saying "May you get the best suited husband for you."

**PUJA MISHRA, ASSISTANT PROFESSOR, BCRCP**



জীবনের রাস্তাটা বেশ চড়াই হলেও চূড়া থেকে দৃশ্যটা সুন্দও।" স্বামী বিবেকানন্দ

# The Letter

At times life brings you down to such a position that it becomes very difficult for you to cope with the situation and recover yourself from it and this is exactly what happened with Rudra three years ago in a city of Maharashtra.
ACP Rudra patil was alloted the duty of a murder case. He was very efficient as a police officer and very honest as a person .Rudra was never seen or heard of taking bribes from people because for him it was like committing a sin.Eversince he has joined his service he never failed to solve a case, no matter how difficult it might be. With such a confidence he was pretty sure to get a definite conclusion of this case as well. However, there are always crests and troughs in one's life and so both his luck and intelligence did not favour this time.Sharply at 8:00 a.m. he was to visit the crime spot, there he was given a number of evidences by his subordinate officers. The room was found clean when the victim's body was recovered from the room and officers had clarified the fact. An almirah filled with gold silver and Diamond Jewellery and bundles of thousand rupee notes on the upper shelf and stacked with clothes on the next shelf followed by a self stacked with illegal guns and bullets .All these evidences made it clear that the victim was corrupt person who could kill people for the sake of money because he had kept those guns with him illegally. His room was also well decorated with the number of group photos hanging on the wall. Surprisingly, not a single photo featured his family. He was only seen with his colleagues and friends attending different occasions. So, this made Rudra surprised a lot. Soon after this, another officer handed over a few broken pieces of glass which he recovered from behind the almirah. Rudra could not track down any conclusion to this evidence and so he became a bit puzzled. Infact, there was practically nothing Rudra could conclude from those available evidences.Having ended up with zero conclusions, he decided to eat something in nearby hotel. Meanwhile, the victim's body was sent for autopsy. It takes quite long hours to prepare a forensic report .So, the officer decided to go to a restaurant and finish of his food. But there something totally unexpected took place. There was no bench empty in the hotel except a seat infront of a girl. The girl was beautiful .Her looks did not allow Rudra to stop gazing at her. He was spellbound at a beauty. It was as if god had spent months to create such a beauty on this earth. The hard-cored officer melted in seconds and fell in love with her. And all this happened before he had seated himself in front of her. Rudra was about to sit when suddenly he was interrupted and so he shifted aside by a phone call. He did not waste much time in that call and came running to the girl but it was his ill-luck which did not favour his intention. Next day the forensic report was prepared and it showed no scratches no scars on the victim's body but it cleared the person had died due to choked throat.Someone had actually choked him to death. However, there was neither fingerprints found on this neck nor anywhere else in his body. So, Rudra was quite puzzled in such situation. He was constantly pondering about the murderer. There lived no one in that house whom he could suspect.This man was the only resident of that mansion. Therefore, it was really getting very difficult from him to study the case.

Almost a week passed in the process and then one morning when Rudra was on his way to the police station, he suddenly came across the girl he had seen initially in the hotel that day. She was standing in a fair infront of a shop and was buying certain things. On a close view Rudra found that she he was basically purchasing a number of black ties of similar prints. A behaviour that was quite strange but he did not pay much attention to it and went forward to introduce himself to the girl. That day they not only came to know each other but also developed very strong relationship between them. Rudra was quite happy these days as he could finally feel the essence of love. But unfortunately it wasn't too long. The officer was sitting in his room one night and trying to figure out some clues of the case in his laptop. All of a sudden the door bell rings and to this utter surprise, he finds his girl standing outside with a large cake in hand. Rudra become overwhelmed with joy because till date he had never received with such surprises on his birthday. That night they enjoyed together a lot and finally when the girl left it was too late and Rudra was feeling damn sleepy. So, he went off to sleep immediately.

But that night Rudra dreamt something terrible an unexpected. He could see in his dream, the murdered man as alive who was wearing a tie in his neck and it was unfortunately the one that his girl was buying from the mela. All of a sudden the tie started fastening around his neck automatically and the man could not stop it, and finally it led to his death. A dream that stole Rudra's sleep that night was something very unusual. He sat up straight on his bed to think but could not connect anything. Next day, the officer rushed to initial crime spot and to his astonishment, he found there a photo lying on the ground which featured the murdered man in the centre, another

man probably of his age delete on one side and a girl on the other side .This girl was the same girl he had fallen in love with. And this time he got totally confused. Having ended up with complete mystification, Rudra started running towards his Apartment. Looking at his condition, the gatekeeper asked him the reason and in the process the guard told that there was no one seen entering the gate last night which made officer puzzled more but then thought that the guard might be lying. He had actually lost all his ability to think.With such bewildered state, Rudra entered his room and there again something totally unexpected took place. He received a letter which was kept very oddly and on an empty glass and on reading it, Rudra revealed a bitter truth about the case. The letter stated-Hey Dear,It's me,your girl.I am writing this letter to inform about the biggest truth of my life I had actually killed the man you are investigating. My father and the man were bosom friends and great business partners. Their company was earning a lot of profit as well. But soon money seemed to come in between. The man that did not even think of before killing my dad. And after I came to know about my father's death, I came rushing to my dad but on the way I met with an accident and died on spot. Yes, I am already dead. And no more a part of this earth.But I could reveal the bitter truth of my father'sdeath only after I died. I was looking for opportunities to kill the man and so I did it when I got the chance with the same tie that you dreamt of and the one I was buying from the mela. Your love for me was real,but I promise that you will soon forget me. I was a very normal girl and had never thought of killing someone. You may not be able to put me behind the steel bars but I have already put myself behind the bars of guilt and condemnationin

Priyanka Chowdhury
(Daughter of Mithu Chowdhury)
&
Mithu Chowdhury
(Jr. Executive Admin)

## SERENDIPITY

If someday you want to beautify the world of man,
look into the little home of nature.
Do not question why,
A restless river flows a bird sings.
Breathe in the scanty wind sloping down the mountains,
because mate, beauty needs to be felt more than seen.
If someday darkness leaves a void in you,
Look for hope within yourself .
Life can be made worthwhile,
with love and cheerful smile.
All that was once black often thrives in brightest colours,
And that alone in the principle of Survival.
If someday all turn you down,
Look out for people who need you instead.
Learn to lend a helping hand,
Glorify the humanity in you.
For, your hatred will fall short,
But love will always take a lifetime.

Pritam Kundu
Bpharm, 2nd year.
(2017-2021)

## Agricultural Drones

Farmers begun to use agricultural drones implanted or adorned with cameras to improve the treatment of their crops. These drones would allow the farmers [illegible] perspective which previously - used [illegible] images could not provide. They help to expose issues with irrigation treatment , soil variation and distressed plantes at a much lower price than methods like crop imaging. The success of the drones is made possible with the help of technological advances in GPS modules, digital radios and small MEMS sensors. Hence, this technology would allow the farmers to a new future to agriculture. If the government would provide the funds to these farmers for buying these drones then it will be useful and helful for the farmers and the agriculture.

Indrani Sen
M.Pharm final year
(Pharmacology)
(2017-2019)

 "Every child is an artist, the problem is staying artist when you grow up." -Pablo Picasso

# A key point of success of an Organisation or Technical College— Morales

Morale has been recognised as one of the important factors in winning or losing wars. It is said that high morale brings success where as low morale leads to defeat in war. In case of business organisation it is realised that production of concern will be high when the morale of its employees is high while in case of low morale production must suffer to a considerable extent. Morale is considered as the key to worker's performance. It is looked upon lubricating oil needed for smooth running of the business. When worker has high morale, the levels of general job satisfaction and overall happiness are also high. This indicates that workers give high performance together and function as a unified team. It is a fact that when management keep high morale of team, then it is easy to complete a project on time and under budget. When employees are comfortable and have good feeling about their job, they put their efforts to accomplish more as a team. They also tend to put in more emotionally in their job. They have good self-esteem and they do not want to work anywhere else and take steps for the success of company. Morale is a state of mental affair. It is established in many theoretical studies that employees who are satisfied with work culture of organization are more productive and there is a specific association between productivity and morale. Employee morale is a decisive factor in companies. Only few organizations pay attention to morale among workers in their organization. Morale can be considered as team spirit or outlook. In competitive business environment and goal oriented situation, companies are generally goal driven and managed as a result, employees are focused on increased efficiency, better procedures and keeping up with competitors.

The situation in technical education today demands a modern type of leadership. A good leader should inspire the men working with him that they will freely co-operate with him in every way. Such co-operation would ensure a high morale. Part of the task of principals and heads of departments is to make their staff participate in their leadership. Principals and Heads of Departments are the men in technical education today who are shining examples of true leadership. They by real statesmanship have acquired a degree of co-operation and active participation within their own particular college or department. These men have not abandoned prestige or power by sharing their problems, their hopes and aspirations, their failures, their successes. On the contrary, they have recognised that 'real power' is the combined capacity of the staff. In gaining the respect of his staff and consequently boosting morale, the Principal as well as Head of Department has no more valuable asset than consultation, provided that he has a real understanding of its value and a determination to make it work properly. True consultation, used in the fullest sense, is a tremendous asset to the Principal as well as Head of Department in gaining loyalty and co- operation and boosting the morale of his staff. Good results will not be obtained if absenteeism is high, if punctuality is slack, if homework is not completed, if syllabuses are not covered properly. It is necessary for the teacher to teach and issue instructions in a proper and efficient manner. Slipshod methods lead to misunderstandings, confusion and frustration of students.

By far the most important factor in the mental environment is the personality of those in authority. Sometimes the person in authority who is not adequate as a leader, though academically qualified, is responsible for lowered morale. As a contrast, the right person has exactly the opposite effect. Measured in terms of human happiness, the person in authority who causes a lowered morale, is a tragedy. When we attempt to answer the question of what are the qualifications of a good person in authority there is no generally accepted answer, but observation of a number of people would suggest that, in addition to the required academic qualifications, a good intelligence, imaginative insight, a well-balanced temperament, a sense of justice, a willingness to accept responsibility, a sense of humour and a 'warmth' towards his fellow man are necessary to upgrade the morale of staff in an organisation or technical institution.

**Shambhunath Mukherjee**
**Librarian, BCRCP**

# আমার দেশ, আমার পরদেশ

দেশভাগের পর অন্য অনেক লোকেদের মত আমার বাবা ও জ্যাঠা উদ্বাস্তু হয়ে পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে এসেছিলেন এবং বেঁচে থাকার জন্য তাদের ভীষণ কষ্ট সাধ্য জীবন সংগ্রাম করতে হয়েছিল, যা আজকের প্রজন্মের ছেলেরা ধারনাই করতে পারবে না। আমার জন্ম দেশভাগের পরে। যদিও বাবা-মা এ দেশে চলে এসেছিলেন আমার জন্মের আগেই। কিন্তু আমার দাদু নারায়ণগঞ্জের উকিল হিসাবে তখনও সেখানে ছিলেন তাই মা আমার জন্মের সময় নারায়ণগঞ্জে তাঁর বাবার কাছেই গেছিলেন। আমার জন্মস্থান ঢাকার নারায়ণগঞ্জে। আমার জন্মস্থান এখন পরদেশে যেখানে যেতে গেলে পাসপোর্ট ভিসার প্রয়োজন পড়ে।

ছোটবেলায় বাবা মায়ের মুখে তাঁদের দেশের গল্প অনেক শুনেছিলাম যেখানে তারা তাদের যৌবনের প্রারম্ভ কাল পর্যন্ত ছিলেন। আমার পৈতৃক বাড়ি পদ্মা পাড়ে ঢাকা বিক্রমপুর পরগনার ব্রাহ্মণ গাঁয়ে ছিল। বাবার মুখে শোনা, বাবা যে ২৯ - ৩০ বছর বয়স পর্যন্ত ওখানে ছিলেন, তার মধ্যেই দুবার কীর্তিনাশা পদ্মায় আমাদের বাড়ি বিলীন হয়ে গেছিল। অর্থাৎ ওখানেও আমরা উদ্বাস্তুই ছিলাম। বাবা বলতেন পূর্ববঙ্গ ছিল নদী-নালার দেশ। বর্ষাকালে স্কুলে যেতে হলেও নৌকা করে যেতে হত। বাবার মুখে শুনেছিলাম ক্লাস সিক্স থেকে স্কুলেও ইতিহাস, ভূগোল বিজ্ঞান পরীক্ষা তে ইংরেজিতেই উত্তর দিতে হত এবং পরীক্ষা কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল। সেই সময় আমার ঠাকুমা তার ছেলের জন্য ইংরেজি টিউশন রেখে দিয়েছিলেন ৫ টাকা মাসিক মাইনেতে। বাবার লেখায় বা গল্পে শুনেছি পদ্মা পাড়ে বাইচ প্রতিযোগিতার কথা। শৈশবে বাবা 'তারপাশা' স্টেশনে জাহাজ ঘাটে বসে সময় কাটাতো নদীর ঢেউ গুনে। সেই 'তারপাশা' স্টেশন ঘাটও এখন পদ্মায় বিলীন হয়ে গেছে।

আমার শৈশব, পড়াশোনা সবই কলকাতায়। আমি কলকাতার ই ছেলে আমার ছোটবেলায় স্কুলে অনেকেই আমার পেছনে লাগত আমার বাঙাল কথা শুনে। তখনই মনে হত আমার জন্মস্থান দেখতে কবে যাব। সেই জায়গা দেখতে আমার লেগে গেল ৫১ বছর! আমি প্রথম ১৯৯৫ সালে কর্ম উপলক্ষে বাংলাদেশ যাই এবং সুযোগ বুঝে আমি নারায়ণগঞ্জে গেছিলাম আমার জন্মস্থান উকিলপারা দেখতে যেখানে আমার দাদু থাকতেন। আমি অবাক হয়ে দেখলাম এখনো নারায়ণগঞ্জ উকিলপাড়া বাংলায় লেখা সাইনবোর্ড রয়েছে। নারায়ণগঞ্জ একটা বন্দর শহর শীতলক্ষ্যা নদীর পাড়ে ; মায়ের বাড়ি ওখান থেকে অল্প দূরে 'সোনারগাঁ' তে। সেই গ্রামের পাশেই "বারদী" যেখানে লোকনাথ ব্রহ্মচারীর আবির্ভাব হয়েছিল। আমি বাংলাদেশ একাই গিয়েছিলাম কারন তখন বাবা-মা দুজনেই বেশ বৃদ্ধ হয়ে পড়েছিলেন। কাজেই সঙ্গে কেউ না থাকায় আমার জন্মস্থান দেখার শিহরণ, রোমাঞ্চ, আবেগ আমি কারো সাথেই ভাগ করে নিতে পারছিলাম না। আরো আফশোস ছিল আমার পৈতৃক ভিটে দেখা হয়নি। ফিরে এসে বাবাকে আবারও সেখানে যাবার কথা বলতেই বাবা ভীষণ রেগে উঠে বললেন," যে দেশ থেকে আমি চলে আসতে বাধ্য হয়েছি যৌবনের প্রারম্ভে, সেই দেশে আমি আর কখনও যেতে চাই না ; সব আমার স্মৃতিতে থাক।"

আমি আবার ঢাকা গেলাম ২০১৫ সালে, আমার বাবার মৃত্যুর দুই বছর বাদে। এবার গেলাম ট্রেনে, ফিরেছিলাম বাসে। এবার যাওয়ার সময় ঠিকই করে গেছিলাম পিতৃ পুরুষের বাসস্থান দেখে আসব। ঢাকা পৌঁছে আমাদেরই ইঞ্জিনিয়ারিং কলেজের এক প্রফেসরের দাদার সাথে যোগাযোগ করেছিলাম। উনি নারায়ণগঞ্জের এক গার্মেন্টস কোম্পানির মালিক। তিনি আমাদের একটা গাড়ি দিয়েছিলেন ঢাকা শহর ঘুরে দেখবার জন্য। সেই গাড়িতে আমি বিক্রমপুর পরগনার ব্রাহ্মণ গাঁয়ে গিয়েছিলাম আমার পূর্বপুরুষের ভিটের সন্ধানে। ঢাকা থেকে আমাদের গ্রামে পৌঁছতে ১ থেকে ১ ঘন্টা কুড়ি মিনিট সময় লেগেছিল। তখন আমার বাবার কথা মনে পড়ছিল। বাবা বলেছিলেন ঢাকা থেকে আমাদের বাড়ি পৌঁছতে নানান নদী পেরিয়ে প্রায় দেড় দিন লাগতো। আমি অবাক হয়ে দেখলাম ঢাকা থেকে ফ্লাইওভারে বুড়িগঙ্গার ওপর দিয়ে পেরিয়ে গেলাম। কিছুক্ষণ বাদেই ধলেশ্বরী নদী এল। তারপর এল মেঘনা নদী। এইভাবে ফ্লাইওভারের পর ফ্লাইওভার পেরিয়ে পদ্মা নদীর পাড়ে কনকশার গ্রামে পৌঁছে গেলাম আর ভাবছিলাম আমার বাবা যদি এখন থাকতেন, কত তাড়াতাড়ি ঢাকা থেকে এখানে চলে আসতেন। ওখানে নেমেই আমি ব্রাহ্মণগাঁ ও পাইকারা গ্রামের খোঁজ নিতে গেলাম। আমাকে বলা হলো ব্রাহ্মণগাঁ পদ্মা নদীর গর্ভে চলে গেছে আজ থেকে অনেক বছর আগে। আমার পিতৃ-পুরুষের গ্রাম পাইকারা, আমার পৈতৃক মনসা মন্দির সমস্ত পদ্মার গর্ভে চলে গেছে প্রায় ১৫ বছর আগে। আমি খানিকটা মুষড়ে পরলাম কারন এতদূর থেকে আসার পরও আমি আমার পিতৃ-পুরুষের ভিটে দেখতে পেলাম না।

কিন্তু ঘটনাচক্রে আমি যেখানে দাঁড়িয়ে ছিলাম তার পাশেই ব্রাহ্মণগাঁ স্কুল কে দেখতে পেলাম। মনে পড়লো বাবা এই স্কুল থেকে ম্যাট্রিকুলেশন পরীক্ষা পাশ করেছিলেন ১৯৩৭ সালে। বাবা বলেছিলেন ওই স্কুলের প্রতিষ্ঠাতা ছিলেন সরোজিনী নাইডুর পিতা এবং তখনকার দিনের বিএসসি অঘোরনাথ চট্টোপাধ্যায়। ওনার বাড়িতেই উনি এই স্কুলটা প্রতিষ্ঠা করেছিলেন। বাবাই বলেছিলেন ব্রাহ্মণ গাঁ স্কুল পদ্মা গর্ভে বিলীন হয়ে যাওয়ার পরে আমাদের পূর্বপুরুষের ভিটেতে অর্থাৎ পাইকারায় কিছুদিনের জন্য স্থানান্তরিত হয়েছিল। এবার পাইকারা গ্রাম যখন পদ্মা গর্ভে চলে যায় তখন ওটা কনক শার গ্রামে স্থানান্তরিত হয়, যেটার আমি দেখা পেলাম ২০১৫ সালে। বাবার মুখে আমি স্কুল জীবন স্বদেশী আন্দোলন ও বিদেশি দ্রব্য বিসর্জনের কথাও শুনেছিলাম।


"যার যোগ্যতা যত কম, তার অহংকার তত বেশী।" রবীন্দ্রনাথ ঠাকুর

ব্রাহ্মণ গা স্কুলে আমার পরিচয় দিয়ে ঢুকলাম এবং অভূতপূর্ব অভ্যর্থনা পেলাম। প্রেসিডেন্ট ও সেক্রেটারি সাদর সম্ভাষণ জানিয়ে স্কুলের ক্লাসেক্লাসে নিয়ে গেলেন এবং ওনারা আমার ও আমার বাবার পরিচয় দিয়ে আমাকে ছাত্র ছাত্রীদের সাথে পরিচিত করালেন আমি অভিভূত হয়ে পড়লাম যখন দেখলাম বাবার সেই 'স্কুল' এখন কো-এডুকেশন স্কুল এবং একজন লেডি টিচারকেও সেখানে ক্লাস নিতে দেখলাম। আমার পিসিরা যেখানে স্কুলে পড়া থেকে বঞ্চিত ছিলেন শুধুমাত্র মেয়ে হওয়ার কারণে, সেই স্কুলে মেয়েরা শুধু পড়ছে তাই নয় অমহিলা শিক্ষয়ত্রী তাদের ক্লাস নিচ্ছেন দেখে আমি চমৎকৃত হয়ে গেলাম। স্কুলের অংক টিচার যখন ক্লাস নিচ্ছিলেন, আমি তখন সেখানে ছিলাম। শিক্ষাদানের পদ্ধতি আমাকেও খুব আকৃষ্ট করেছিল, স্কুলের ক্লাসে ক্লাসে বক্তব্য রাখার পর আমি গেলাম ওদের লাইব্রেরী এবং বাগানে, সেখানে ভাষা আন্দোলনের স্মারক দেখতে পেলাম। জিজ্ঞাসা করে জানতে পারলাম ঢাকার প্রত্যেক স্কুলেই ভাষা আন্দোলনের প্রতীক রাখা আছে এবং একুশে ফেব্রুয়ারি ভাষা আন্দোলন দিবস ওদেশে একান্ত আন্তরিক শ্রদ্ধার সাথে পালন করা হয়।

এভাবেই শেষ হলো আমার দেশ এবং এখনকার পরদেশ যাত্রা। ইচ্ছা রইল আবার কখনো দেশে যাবার সুযোগ পেলে বার বার ফিরে যেতে চাই। আমার বাবা মায়ের দেশে যেখানে রয়েছে আমার শিকড়ের টান।

ডঃ সুব্রত চক্রবর্তী
ডিরেক্টর




ব্রাহ্মণ গাঁ স্কুলে শহীদ স্মৃতির সামনে



ব্রাহ্মণ গাঁ স্কুলের শিক্ষিকা ও ছাত্রছাত্রীদের সাথে



ব্রাহ্মণ গাঁ স্কুলের প্রেসিডেন্ট, সেক্রেটারি
ও কৃতি ছাত্রীর সাথে



পদ্মার পাড়ে

# ভবিষ্যতের ভাবপ্রকাশ

সকাল সাতটা বেজে দশ মিনিট। মোবাইলের এলার্ম অধিকারিনী তারস্বরে চিৎকার করে উঠতে লাগলো। এই হচ্ছে এক জ্বালা। কানের বারান্দায় চিৎকার টা যদি সসম্মানে চরিতার্থ না হয় তাহলে আবার সুমনের ঠিক জমে না সেটা স্বপ্ন বিভোর হোক বা স্নানের বশবর্তী হয়ে মা-বাবার দৈনন্দিন কার্যকলাপে সাহায্য হওয়াই হোক। নিলয় অলিন্দ থেকে রক্তজালিকার মোড়কে মোড়কে কুড়েমি শব্দের অবস্থান। তো স্বাভাবিকভাবেই ঘুমের ঘেরাটোপ থেকে বেরোতে স্বপ্নের বেড়াজাল টা বেশ জোর করেই ওকে ভাঙতে হয় প্রতিদিন। ভাঙ্গার পরেই মনে হয় স্বপ্নটাই বেশ ভালো ছিল। বাস্তব বড়ই গড়মিলে, একঘেঁয়ে। স্বপ্নে রোজ দেখে একটা ভাল চাকরি, ভালো মাইনে ভালো জীবনযাত্রা বাংলায় যাকে বলে ভালো Lifestyle। কিন্তু শাকচুন্নি ওই Siri র চিৎকারে ওর জীবনযাত্রা টা পুরো এক সহনার শবদাহের ট্রান্সফার হয়। এতক্ষণে নিশ্চয়ই বুঝে গেছেন আপনারা সুমন কে।? বোঝেননি? । তাহলে বাকিটা পড়ে ফেলুন।

তো এই রকম ভাবেই স্বপ্নের শ্রাদ্ধ শান্তি দিয়ে শুরু হয় সুমনের শব যাত্রা - থুড়ি! জীবনযাত্রা। তারপর শান্তির এবং সত্যের কাঠামো তৈরি বাথরুমের বেসিনে জলধারায় নিজেকে সেদিনের যুদ্ধের জন্য প্রস্তুত করে। এই যুদ্ধতে ঢাল, তলোয়ার বর্ম নেই; আছে ফরমাল জুতো, জামা - প্যান্ট - বেল্ট এবং ঘড়ি আর আছে গলার কুকুরের মতন একটা দড়ি। তার আবার একটা ঝা-চকচকে সুন্দর নামও আছে Neck-tie বা Neck-bow। যার যেমন লেভেল তার ঠিক তেমন সুন্দর দড়ি। লেবেল ওয়ানে এসব থাকে না অবশ্য। তবে সেখানে গল্পটা একটু অন্যরকম এবং অভিনব বটে। চিহ্নিতকরণস্বরূপ গলায় দড়ি হিসেবে থাকে "I-card"। সেই ছাড়া আপনার প্রবেশ নিষিদ্ধ পরোয়ানা। এখানে বলে রাখি শান্তি এবং সত্যের কাঠামো তৈরির প্রধান উদ্দেশ্য এই যে বাথরুম-ই এমন একটা জায়গা যেখানে থেকে আমি বা আমরা বাইরে অতিরিক্ত বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির; মানে চাপ থেকে ক্ষনিকের জন্য মুক্তি পাই এবং সাথে নিজেকে পুরোপুরি মাত্রায় বুঝতে পারি। আমি 'কে' 'কি' এবং 'কেন' এই প্রশ্নের সঠিক ও সত্য উত্তর খুঁজে পেতে পারি।

বড্ড বাজে বকে ফেলেছি। সুমনের দিকে একটু দেখি। বেচারা স্নান করে বের হলো কিনা। আমাদের সুমন বেরিয়ে পড়েছে শান্তি এবং সত্যের বাথরুম থেকে। আমাদের সুমন সত্য দেখার চেষ্টা করেছে না 'সত্য' বতীর কথা ভেবে শান্তির সন্ধান পেয়েছে সেই প্রসঙ্গে না যাওয়াই ভালো; কেননা ওই জায়গায় আমরা ওকে ডিস্টার্ব করবো না; I mean করতে পারি না।

এবার সুমনের তৈরি হবার পালা। যুদ্ধে অবতীর্ণ সুমন যখন ডাইনিং টেবিলে আসে তখন যেন সময় ঘড়ির পায়ে হঠাত দুটো চাকা উড়ে এসে জুড়ে বসে। অথচ অফিসে থাকাকালীন এদের দূর দূরান্ত অব্দি নজরে পড়ে না। ঘুম থেকে ওঠা দিয়ে শুরু করে অফিসে পৌঁছানো অব্দি এদের অস্তিত্বের জুড়ি মেলা ভার। কোনভাবে গান্ডে পিন্ডে গিলে দৌড়ায় বাস স্ট্যান্ড বা অটো স্ট্যান্ডের দিকে। লাইনে দাঁড়িয়ে সুমনের নিজেকে ম্যারাথন দৌড় প্রতিযোগী মনে হয়। ফুসফুস টা গলা দিয়ে বেরিয়ে আসতে চায়। আর হার্ট -তার উতাল পাতালতা সেই সময় যে কোন সমুদ্র কে হার মানাতে বাধ্য। সুমন এই সময় মনে মনে ভাবে, "মাথার ঘাম শুধু গ্রুপ ডি বা নিম্ন শ্রেণীর কর্মচারীদের পড়েনা, উচ্চবর্গের লোকেদেরও পড়ে কারণ শ্রেণীগত বা বর্গগত ডিভিশন থাকলেও শেষে 'কর্মচারী' শব্দ টা কমন যে। আমরা তো কেউ আর ব্যবসায়ী নয় বা ব্যবসাও করতে পারিনা যে মাথার ঘামটা জীবনে একবারই ফেলতে হবে, কষ্ট একবারই করতে হবে। আমরা 'কর্মচারী'। বর্গগত শ্রেণীগত যেমনই হই না কেন!! কষ্ট আর কম্প্রোমাইজ 'সারা জীবন সঙ্গী'। তাইতো অটোর লাইন 'জনদরিদ্র'। এরপর শুরু হয় গল্পের আসল কাহিনী। অফিসের চেয়ার-টেবিল থেকে পেন ফাইল হয়ে কম্পিউটার- কিবোর্ড - মাউস প্রত্যেকে 'বাঘি' সিনেমার বিখ্যাত ডায়ালগ টা বলতে থাকে, 'ইতনি জলদি ভি কেয়া হ্যায়! আভি তো ম্যায়নে স্টার্ট কিয়া হ্যায়!'

আট ঘণ্টার সময়সীমার মধ্যে গল্পের বহরটা বেশ বড় মাসের শেষ দিনে কিছু সংখ্যার প্রয়োজনীয় নিজের সর্বস্ব টুকু বার করতে হয় সুমন কে। আখের রস খেয়েছেন কোনদিন? আখটা কে যেমন যাঁতাকল এর মধ্যে রেখে পুরো রসটা টাকে বার করে ছিবড়ে মালটাকে ফেলে দেয়া হয়; ঠিক তেমন ভাবেই আমাদের সুমনকে বিগত ১০ বছর ধওে নিংড়ে বার করে নিচ্ছে ওর অরগানাইজেশন। আর এই 'নিংড়ানো সুমন' কে নিয়ে ওর অরগানাইজেশন কখনো Nationally আবার কখনো Internationally রাঙ্কিং লিস্টে নিজের জায়গা তৈরি করতে ব্যস্ত হয়ে পড়ে। এমনকি প্রথম স্থানাধিকার হবার প্রতিযোগিতায়ও উঠেপড়ে লাগে। অথচ কেউ সুমনের মনের রাঙ্কিং লিস্টের কথা জানতেও চায় না। ওর রাঙ্কিং লিস্টে তো নতুন বিয়ে করা বউ টা অনেক অনেক প্রথমদিকে। হানিমুনে তো এখনও কোথাও একটু যাওয়ার সুযোগ মেলেনি। দিলীর তাজমহল রাজস্থানের থর মরুভূমি না হোক নিদেনপক্ষে দার্জিলিংয়ের কাঞ্চনজঙ্ঘা টা তো হতে পারতো বা মেঘালয়ের এলিফ্যান্ট ফলস ঝকঝকে পরিষ্কার জলের ডাওকি লেক। কিন্তু উপায় নেই মাল্টিন্যাশনাল কোম্পানি বলে কথা। অনেকগুলো টাকা মাইনে। অনেক responsibility অন্য কোম্পানির বড় করবার সবরকম দায়িত্ব আমারই হাতে। সুমনের কথায়, 'মাল্টিন্যাশনাল কোম্পানি হোক বা অন্য কোন কোম্পানি, আসলে আমরা সবাই 'স্লেভ'। যে যেই পজিশনেই থাকুক না কেন সবাই আদতে সার্ভিস দিচ্ছে, নিজেকে বেচে দিচ্ছে। তাও আবার অন্য অর্গানাইজেশন কে বড় করতে। দিনের শেষে যতই গালাগালি করি না কেন আমরা, আবার পরের দিন সকালে জাস্ট প্রয়োজনীয়তার প্রলোভনে আবারো ক্রীতদাস হতে রাজি হয়ে যাই।' সুমনের বোধ হয় ক্রীতদাস বলাটা উচিত হয়নি, আমরা ক্রীতদাস বা স্লেভ হয়তো নই। তাইনা?? ও একটু বেশিই বাড়িয়ে চারিয়ে বলছে। এতটা খারাপ অবস্থা নয়। আমার অন্তত ওর কথা শুনে এরকমটাই মনে হয়েছিল। আপনার ও যদি এরকম মনে হয় তাহলে আপনি একমাত্র আমার প্রকৃত বন্ধু। পীজ যোগাযোগ করবেন। আসলে সুমনকে একসাথে ধরে পেটাব।



"When all think alike, then no one is thinking" – Walter Lippman

সুমন আরও বলে, 'স্বপ্নের সাগরে ডুব দিতে দিতে কখন যে স্বপ্ন শব্দ টা 'কম্প্রোমাইজ' এ ট্রান্সফার হয়ে যায় তা বুঝতে পারা যায় না। ভালো চাকরি ভালো মাইনে স্বপ্নটাবাস্তবে রূপ নেবার আগে নিজেরাই স্বপ্ন হয়ে যায় আসলে সেই স্বপ্নটাকে নেক্সট জেনারেশনে বাঁচিয়ে দিয়ে যায়।' কথাটা মাথার দুই ইঞ্চি ওপর দিয়ে গেল বোধ হয়! আমারও গেছিল। পরে সুমনই একদিন বুঝিয়ে বললো। ও যেরকম বলেছিল আমি সেটাই বলছি কিন্তু। সব সুমনের কথা। আমায় গালাগালি দেবেন না বাপু। ও বলেছিল "আমাদের ছাত্রাবস্থায় কিছু স্বপ্ন থাকে কেউ কেউ লিস্ট ও বানায় বিলাসবহুল টাইপের হয় জেনারেলি সেগুলো, যেমন বড় গাড়ি মানে ওই অডি, মার্সিডিজ, বিএমডবিউ ইত্যাদি ইত্যাদি। ভালো ভালো জায়গা। সেই সব ভালো জায়গার তালিকায় আমেরিকা থেকে অস্ট্রেলিয়া যেমন থাকে তেমন ব্রাজিল থেকে বেলজিয়াম ও বিদ্যমান। তার সাথে যোগ হয় স্কুবা ডাইভিং, প্যারা গাইডিং থেকে প্যারাসুটিং, রাফটিং বা প্যারাসেলিং বয়স পঁয়ত্রিশোর্ধ্ব পেরোনোর পর পর পরই উইস লিস্ট ছেদ পড়ে। গল্পটা তৈরি হয় পুরো অন্যরকম।' 'এখন কি ওসব করার বয়স আছে আর' বা হয়তো 'ভাই স্বপ্ন টা খুব সুন্দর বাস্তবটা বড়ই কঠিন'। আসলে এসব কিছুই নয় তখন স্বপ্ন টাইটানিক হয়ে আটলান্টিকের গভীরে আর 'কম্প্রোমাইজ' ছেড়া পাতার নৌকার মতন বৃষ্টির জলে ভাসমান কারণ আমরা কম্প্রোমাইজ করতে শিখি স্বপ্নটাকে বাস্তবে পরিণত করার কোন রকম চেষ্টাই আমরা দেখাই না আমি বললাম, 'হুম!' বুঝলাম। কিন্তু ঐ নেক্সট জেনারেশনের কেসটা কি ??'

সুমন বলতে থাকল, 'এই নেক্সট জেনারেশন কনসেপ্টটা আমার মাথায় আজ অব্দি ঢুকলো না। আমি আমার গোটা জীবদ্দশায় না পারা এবং না পাওয়া গুলো পড়ে জেনারেশনে নামিয়ে দিয়ে গেলাম। আমার গোটা জীবনের সঙ্গী ছিল স্ট্রাগল ; আমি সেটাকে ওভারকাম করতে তো পারলামই না বরং নিউ জেনারেশন কে আবার সেই শব্দটা নিজে হাতে ধরিয়ে দিলাম। আমার দরকার ছিল তার জীবন সিকিউর করার আর আমি কি করলাম ?? তার জীবনে' স্ট্রাগল' শব্দটা জুড়ে দিয়ে গেলাম। আর তারপর ও যখন এই নতুন জেনারেশন নিজের মতন করে বড় হতে চাইছে তখন আমি আমার ৬০ বছরের এক্সপেরিয়েন্স এর গল্প শোনাচ্ছি।"

যাইহোক, এই নিয়ে সুমন আমাকে মোটামুটি কুড়ি পাতার এক বিশাল জ্ঞান মেরেছিল। সেটা এখানে সাঁটানোর কোনো ইচ্ছে নেই আমার। যাগে! সুমন কে চিনতে পেরেছেন কি?? এখনো পারেননি? !! তাহলে 'পোগো' দেখুন। আমি এখন রাখি। টাটা।

অভিজিৎ শাসমল
প্রাক্তন ছাত্র

## নেশার ছোবল

সিগারেট বিলাসীদের মাসে গড়গরতা খরচ ১০০০ টাকা। শুধু বাংলা নয়, এই প্রচলনটা গোটা দেশ জুড়ে। মানুষ যেন এই জিনিসটা বুঝেও বুঝেনা, সকলের কাছে জানা এটা কতটা ক্ষতিকর কিন্তু না এখন সিগারেট খাওয়াটা যেন ফ্যাশন, বাম হাতে কাচের গ্লাস আর ডান হাতে সিগারেট যদি না থাকে তাহলে যেন মানায় না, কিন্তু এই মানানসই ব্যাপার করতে গিয়ে নিজেদের বিপদ নিজেরাই ডেকে আনছে, আজ শুধু সিগারেট এর মধ্যে সমাজ আটকে নেই তাদের এই যুগের সাথে তাল দিতে গিয়ে আরো নানা ধরনের ক্ষতিগ্রস্থ জিনিস তাদের জীবনের শেষ দিকে নিয়ে যাওয়ার তালিকায় যুক্ত হয়েছে যেমন তামাকজাত দ্রব্য - যেমন বিড়ি, গুটকা কোন কিছুতেই মানুষ আজ সীমাবদ্ধ নেই, অনেক মানুষ আছে যারা দিন এনে দিন খায় তারা হয়তো ভাত খায় না ঠিক মত করে, মানে তাদের খরচা ওঠানোর সামর্থ্য নেই কিন্তু দিনের শেষে তাদের ঘরে ঘরে মদের আড্ডা ঠিক বসবে। এই কারণে তারা শিক্ষা জগত থেকে অনেক পিছিয়ে আজ যারা ধূমপান করে না তারাও সেই একই ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে ওই আশেপাশে সিগারেটের ধোঁয়া থেকে, এই smoking zone থেকে বাদ যায়নি বাচ্চারাও ক্লাস সেভেন এইটের বাচ্চারাও disco তে যাচ্ছে, smoke করছে, drink করছে কিন্তু এতে তাদের কোন দোষ নেই তারা সবকিছু শিক্ষা পাচ্ছে মা বাবার থেকে যারা সিগারেট ছাড়া থাকতে পারে না তাদের খরচা মাসে 970 টাকা Approx, অন্যদিকে বিড়ি প্রীত মানুষের মাসের খরচা ৩৯০ টাকা প্রায় ১০ কোটি জনসংখ্যার পশ্চিমবঙ্গের ২-৩ কোটি মানুষ কোনো না কোনো তামাকজাত দ্রব্য ব্যবহার করে আর দেখা যাচ্ছে এত বয়সের মধ্যে ১৫ থেকে ১৮ বছরের মধ্যে সবচেয়ে বেশি তামাক পাতা ও বিড়ি নেশা শুরুর প্রবণতা দেখা যায় এবং ১০ শতাংশ মানুষ মানুষ আজ খৈনী খান।

এই প্রসঙ্গে উলেখ্য দেশের এক নাম্বার ক্যান্সার চিকিৎসা কেন্দ্র তথা মুম্বাই টাটা মেমোরিয়াল ক্যান্সার হাসপাতাল আছে সেখানে অনেক মানুষের সুস্থ হওয়ার যেমন রিপোর্ট আছে সেই রকম অনেক মানুষ এই কারণে মারাও যাচ্ছে তাই পশ্চিমবঙ্গ তথা সব ধরনের প্রশাসনিক কর্তাদের কাছে তামাকজাত দ্রব্য সেবন বন্ধ করার বিষয়ে অগ্রণী ভূমিকা নেওয়া হোক। জনসমক্ষে কেন ধূমপান হবে? কেনই বা পানশালার বিজ্ঞাপন চোখে পড়বে ? মহারাষ্ট্র বন্ধ করেছে, আমাদের আশা আমরাও বন্ধ করতে পারবো।

কোয়েল চক্রবর্তী, এম. ফার্ম
(2017-2019)



Faculty Group Photo

# মাতৃভাষা

মা দিয়ে হয়েছে শুরু
আমার মুখের ভাষা
তাই হয়তো বাংলা ভাষাই
আমার প্রথম ভালবাসা।
বাংলাতে জন্ম আমার
আমি বাংলাতেই গান গাই
বাংলা ভাষাতেই আমি
আমার শান্তি খুঁজে পাই।
বাংলা আমার মন খারাপে
বাংলা চোখের জলে
বাংলা ভাষাই প্রথম মুখে আসে
আনন্দ বা দুঃখ পেলে
আজকে সমাজ বদলে যাচ্ছে
তাই ইংলিশ জানাটা মাস্ট
আজ বাংলা ভোলার কম্পিটিশন
কে হতে পারে ফার্স্ট
ইংলিশটা জানতে হবে
কিন্তু বাংলা ভুলে নয়
মাতৃভাষা বাংলা তোমার
বলতে লজ্জা না হয়।
বাংলাকে আর নয় অপমান
শপথ করি চলো
বাংলা তোমার মাতৃভাষা
গর্ব করে বল।

সুরিতা ঘোষ
এম. ফার্ম, দ্বিতীয় বর্ষ



Office Staff Group Photo

# বসন্ত

আগুন জ্বলে পলাশ ফুলে
ছাতিম মাথায় গন্ধে
বসন্ত তাই আসছে ঝেঁপে
নিত্য নতুন ছন্দে
গভীর আকাশ বড্ড ভারী
সোহাগ ভরা মেঘে
মান অভিমান হচ্ছে পালা
বাতাস আপন বেগে
সন্ধ্যে নামে ভীষণ ধীরে
আকাশ গহন কালো
পাখিরা সব ফিরছে ঘরে,
নেই যে কোথাও আলো,
আলোর হদিশ পেতে গেলে
সকাল হতে হবে,
মন্দে ভালোয় মিশবে জীবন
রঙিন কলরবে।

সঞ্চারী মণ্ডল
সহ অধ্যাপিকা

# চাঁদ তুমি কার?

সারা জীবন ধরে যদি হাসতেই চাও
মাঝে মাঝেই তুমি কেন নিরব হয়ে যাও?
তোমার হাসি চরাচরে রৌপ্য হয়ে ঝরে
আবার তোমার নীরব মুখ আঁধার তুলে ধরে।

নীরব মুখ পানে চেয়ে শিশু মাতৃ গলা ধরে
মায়ের আঙুল উপর দিকে তুলে ধরে চায়।
ওই যে চাঁদ মামা উঁকি দিয়ে যায়।

ছোট্ট শিশুর নিষ্পাপ মুখে মামার মত হাসি ঝরে
চারিদিকেই এবার যেন স্বর্ণ ঝরে পড়ে।

যখন তোমার হাসি মুখটি সমুদ্র সৈকতে চায়
তোমার হাসির ছোঁয়ায় সমুদ্রের বালুকাবেলা অপরূপ দেখায়

তোমার হাসি দেখে সমুদ্রের ঢেউ নাচে
তোমার আলোয় একজন প্রেমিক নতুন করে বাঁচে।

কৃষাণু দাস
বি.ফার্ম, দ্বিতীয় বর্ষ

# আপ্তবাক্য

সেই কবে থেকে একটা গাধা পিটিয়ে ঘোড়া করার শখ আমার।
বহুকাল হলো, আমাদের ঘোড়াশালে শুধুই ঘোড়া-
তারা পাকেচক্রে আসে, নিজগুনে মার্জনা করে,মিটিমিটি হাসে-
আর দিগন্তে মিলিয়ে যায়।
বলছিলাম, একটা গাধা যদি....
"উৎকর্ষের সাধনা করো" - বলেছে বিশ্ববিদ্যালয়, বলেছে কাউন্সিল।
বলেছে কলেজও।
"তোমার ক্লাসরুমে দিচ্ছি ঝকঝকে কিছু ছেলেমেয়ে, একটা স্মার্টবোর্ড আর গোটা
বিশ্বের জ্ঞানরাশি।
শিখর ছুয়ে দেখাতেই হবে।"
"বলছিলাম হুজুর, তার চেয়ে একটা অনুর্বর জমিতে যদি সোনা ফলানো যেতো?"
"আআহ্! ঘোড়াগুলোকে মানুষ করো।
জানো না?
গাধা পিটিয়ে ঘোড়া হয় না!!"

সাগর সেনগুপ্ত
রেজিস্ট্রার


“Creativity is contagious, pass it on.” – Albert Einstein

## নীরব ঘাতক গ্লুকোমা

রাস্তা পারাপার হওয়ার সময় আচমকাই একটি বাড়ি এসে ধাক্কা মারে বছর ছাপ্পান্নর অনিল বিশ্বাসকে। সেখানেই কোমর ভেঙে ভর্তি হয়েছিলেন তমলুক জেলা হাসপাতালে। সেখানেই চিকিৎসকেরা জানিয়েছিলেন যে প্রউরের দৃষ্টি শক্তি প্রায় চলে যেতে বসেছে। তমলুকের সুনয়ন আই- ইন্সিটিউট এ ধরা পড়েছিল ? গ্লুকমায় আক্রান্ত। দীর্ঘদিন ধরে উচ্চ রক্তচাপের সমস্যায় ভুগছিলেন বছর ৫১ এর মিতালা ঘোষ। একদিন সিঁড়ি থেকে পড়ে যাওয়ায় সকলেই ভেবেছিলেন মাথা ঘুরে গিয়েছিল। পা ও মাথায় আঘাত নিয়ে বেলেঘাটার এক বিখ্যাত বেসরকারি হাসপাতালে ভর্তির পর চিকিৎসকেরা সন্দেহ করেন গ-লকোমার। এবং সেই সন্দেহে সায় দেন চক্ষুরোগ বিশেষজ্ঞ। দুজনের ক্ষেত্রেই দেখা গিয়েছিল অন্তত ৫০% দৃষ্টিহীনতার শিকার তারা। গত রবিবার থেকে চলছে বিশ্ব গ্লকোমা দিবস (১০/০৩/২০১৯-১৬/০৩/২০১৯) মার্চ)। বিভিন্ন ওয়ার্কশপ, সেমিনার আলোচনা চক্রে চিকিৎসকদের মুখে শোনা যাচ্ছে একটাই আক্ষেপ - বহুল জনসচেতনার অভাব এই রোগের মূল কারণ। গ্লকোমা বিশেষজ্ঞদের কথায়, "গ্লকোমা হল কয়েকটি রোগের সমাহার যা চোখের অপটিক নার্সকে ক্ষতিগ্রস্ত কওে এবং তার জন্যে দৃষ্টিশক্তির অপূরণীয় ক্ষতি হয়। এই রোগের প্রতিকার না করলে তার পরিণাম হতে পারে অন্ধত্ব। কিন্তু প্রাথমিক অবস্থার এই রোগের সঠিক চিকিৎসা করলে এই রোগের প্রতিকার আংশিকভাবে সম্ভব, অর্থাৎ দৃষ্টিশক্তি আরও কমে যাওয়ার আশঙ্কা কম।' চক্ষুরোগ বিশেষজ্ঞেরা জানাচ্ছেন যে, এই রোগটি ধরা পড়ে তত দেরিতে যে ততদিনে দেখা যায় চোখের অপটিক নার্ভ অনেকটাই ক্ষতিগ্রস্ত হয়ে গিয়েছে। দৃষ্টিশক্তি ক্ষীণ থেকে ক্ষীণতর, হতে শুরু কওে এবং "ফিল্ড অফ ভিশন" ক্রমেই ছোট হয়ে আসে। চিকিৎসা শুরু হলেও অপটিক নার্ভের যতটা ক্ষতি হয়ে যায় টা আর আগের অবস্থায় ফেরান সম্ভব হয় না কাজেই দৃষ্টিশক্তি আগের অবস্থায় ফেরানো যায় না। গ্লচমা বিশেষজ্ঞদের পরামর্শ, যদি কারো রক্ত চাপ বেশি থাকে কিংবা চোখে কোন রকম আঘাত লেগে থাকে বা কেউ যদি খুব বেশি পাস মাইনাস পাওয়ার চশমা ব্যবহার করেন করে থাকে দীর্ঘদিন, বা যদি কারো ডায়াবেটিস (মধুমেহ) বা মাইগ্রেন থাকে তাহলে বয়স ৪০ পেরোলেই চোখের স্ক্রিনিং করানো উচিত।

বিশেষজ্ঞদের অধিকাংশেরই নিয়মিত চোখের স্ক্রিনিং, মনিটরিং জনসচেতনতা বাড়ানো, চোখের নিয়মিত ব্যায়াম না করলে এই রোগ মহামারী আকার ধারণ করবে।

**ঋষভ সিংহ**
**এম. ফার্ম, দ্বিতীয় বর্ষ**

## जीवन जीत

क्या हमने कभी सोचा : क्या है यह जीवन ?
क्या हमने कभी भी सोचा : क्यों है यह जीवन ?
घबराये नहीं यह मेरा जीवन के उपर एक [illegible]
आखिर क्या और कैसा वर्णन है इस जीवन का ?
क्या मोल है इस भवसागर रुपी जीवन का ?
चलो कोई कहीं जरा साथ विचार करते है इसका,
क्योंकि विचार एंव चिंतन ही तोड़ है हर समस्याओ का
जीवन मानो है एक सागर रुपी विशाल,
है एक घोर अंधकार रुपी जंगल,
है एक अनंत रुपी गहरा तालाब,
है एक विरान विशालकाय महल,
जिसके मर्म को समझ पाना नही है इतना सरल
कहा तो ऐसा भी जाता है कि जीवन है एक झरना,
निरंतर वेग से जिसका बहना,
परंतु यह भी एक सत्य है कि, जीवन है एक ज्योति,
जिसकी मदद से बनी रहती है हमारी हृदय गति
जीवन मे आधुनिकता भी लाना जरुरी है, जनाब
परंतु आधुनिकता के पीछे जीवन को घसीटना उचित होगा या खराब
जीवन है एक रसयुक्त शराब,
जिसकी हर एक चुस्की है हर नवाबो का ख्वाब
विचार करें जीवन है एक मायारुपी पहेली,
प्राणी का तन ही है इसका एकमात्र सहेली,
हर शरीर है जीवन रुपी सुंदर उपवन की माली,
जो कतय न रह सकती, बिछड़कर अकेली


Lab Techinician Group Photo

**Jeet Banerjee**
**1st year Roll-68**



# শ্রদ্ধেয় দুলাল মিত্র মহাশয়ের স্মৃতি তর্পণ

ধনীর ঘরের দুলাল ছিলে না তুমি,
মিত্র তবুও ছিলে তুমি সকলেরই,
পকেটে তোমার ছিল না কানাকড়ি,
স্বপ্ন দেখা চলে ছিল প্রানভরি।
পুরানো টাইপ মেশিন বিক্রয়ের বিজ্ঞাপনে,
ঝাঁপ দিয়াছিলে তুমি তারই পানে।
দু হাজার টাকা দিয়েছিল মেজ দাদা,
কোন কিছুকেই হতে দাও নি বাধা।
পাঁচ ভাই আর পাঁচ বোনের সংসারে,
হাতে হাত দিয়ে এলে দুর্গাপুরে।
টাইপ স্কুলের ইচ্ছে জাগালো ভাই,
এক চিলতে বাড়ি ভাড়া নিলে তুমি তাই।
"নিউ ফনেটিক কমার্শিয়াল ইন্সিটিউট" হল নাম,
আস্তে আস্তে বেড়েছিল সুনাম।
তারপর হল স্পোকেন ইংরেজী শেখানোর ক্লাস
"টেলিফোন অপারেটিং রিসেপশন" তারই পাশ
তারপর এল ১৯৮৬ সন
চালু করেছিলে কম্পুটর প্রশিক্ষণ।
ওয়েবেল তখন এসেছিল তব পাশে,
তুমিও ছিলে ভাল দিনের আশে।
১৯৯৬ সালে এল সরকারী আহ্বান,
তারপরই এল - বি.সি. রায় ইঞ্জিনিয়ারিং কলেজের উত্থান।
২০০০ সালে বুদ্ধদেব বাবু কলেজে এসেছেন,
কলেজের ভিত্তি প্রস্তর গেঁথেছেন।
২০০৫ এ হল ফার্মেসী কলেজ স্থাপন,
বাড়াতে ঔষধ বিষয়ের জ্ঞান।
২০১৫ তে পলিটেকনিক চালু হয়।
শ্রদ্ধার সাথে জাগে তাই বিস্ময়।
অনেকেরই তুমি নয়নের মণি অনেক করেছ কাজ,
শ্রদ্ধা সহ প্রণাম জানাই আমরা সকলে আজ।

নীহাররঞ্জন পাল
অ্যাসোসিয়েট প্রফেসর

We gratefully acknowledge the contributions made by our faculty, staff and students.
Patron : Sri Tarun Bhattacharya, Editor-in-chief : Prof. (Dr.) S.Chakraborty (Director), Editor : Dr. Taniya Chakraborty
Published By : Sri Tarun Bhattacharya, General Secretary, Dr. B.C.Roy Engineering College Society, Durgapur - 713206
Printed at : DIGITECH UNICORN ADVERTISEMENT & IT SOLUTIONS, H. No - 20, 1st Floor, 1st Avenue, SEPCO Township, Durgapur - 713205